বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।
☏: +৮৮-০২-৯৩৩৩৬৫১ 🖷: +৮৮-০২-৯৩৪২২২৬ www.scouts.gov.bd

পত্র নং- বাঃ স্কাঃ (স্পেশাল ইভেন্টস)/২৯৮১(৩০০০)/২০২০ তারিখঃ ১১ চৈত্র ১৪২৬ / ২৫ মার্চ ২০২০

## জাম্বুরী অন দ্যা ইন্টারনেট (JOTI) স্পেশাল এডিশন ও জাম্বুরী অন দ্যা SMS (JOTS) সংক্রান্ত পরিপত্র

বিশ্ব স্কাউট সংস্থা (WOSM) আগামী ০৩-০৫ এপ্রিল ২০২০ পর্যন্ত বিশ্বব্যাপী **"জাম্বুরী অন দ্যা ইন্টারনেট (JOTI)"** বাস্তবায়ন করতে যাচ্ছে।

করোনাভাইরাসের (কোভিড-১৯) কারণে আজ বিশ্বব্যাপী মানুষ তথা শিশু-কিশোর ও যুবরা ঘরবন্দি সময় কাটাচ্ছে। ইউনেস্কোর পর্যবেক্ষণ অনুসারে অদ্যাবধি কমপক্ষে ১৪০টি দেশ কোভিড-১৯ ভাইরাসের কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেছে, ফলে ৭৭৬.৭ মিলিয়ন শিশু-কিশোর ও যুবরা প্রাতিষ্ঠানিক শিক্ষা লাভ করতে পারছে না। বিশ্ব স্বাস্থ্য সংস্থা সকল প্রকার জনসমাগম এড়িয়ে চলা, পাবলিক প্লেসে ঘুরাঘুরি না করা এবং নিয়মিত হাত ধোয়াসহ নিরাপদে ঘরে থাকার পরামর্শ দিয়েছে। এই চ্যালেঞ্জিং সময়ে বিশ্বের ১৭১টি জাতীয় স্কাউট সংস্থার সংঘবদ্ধভাবে কাজ করে মানুষকে সহায়তা করার সময় এসেছে। এ লক্ষ্যে বিশ্ব স্কাউট সংস্থা (WOSM) আগামী ০৩-০৫ এপ্রিল ২০২০ পর্যন্ত বিশ্বব্যাপী জাম্বুরী অন দ্যা ইন্টারনেট (JOTI) স্পেশাল এডিশন বাস্তবায়ন করতে যাচ্ছে। এটি হতে যাচ্ছে এ বছরের বৃহত্তম ডিজিটাল স্কাউট ইভেন্ট।

এই বিশেষ জাম্বুরী অন দি ইন্টারনেট (JOTI) হবে একটি শিক্ষা ও করোনা সচেতনতামূলক আন্তর্জাতিক ইভেন্ট। সারা বিশ্বের স্কাউটরা ঘরে বসে এই ইভেন্টে অংশগ্রহণ করবে। করোনাভাইরাস (কোভিড-১৯) জনিত কারণে সৃষ্ট বৈশ্বিক মহামারীর এই সংকটাপন্ন অবস্থায় এই বিশেষ জাম্বুরী অন দি ইন্টারনেট (JOTI) ইভেন্টের মাধ্যমে স্কাউটরা এক অপরের সাথে পরিচিত হবে, করোনা মোকাবেলায় অন্যকে সচেতন করবে এবং নতুন নতুন বন্ধু তৈরী করবে। স্কাউটরা করোনাভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে নিজেরা সচেতন হবে এবং করোনা মোকাবেলায় নিজে ও নন স্কাউট বন্ধুদের সচেতন করবে। একই সাথে এক দেশের স্কাউটরা অন্য দেশের স্কাউটিং কার্যক্রম সম্পর্কে জানতে পারবে এবং অভিজ্ঞতা বিনিময় করতে পারবে।

বাংলাদেশ স্কাউটস জাম্বুরী অন দ্যা ইন্টারনেট (JOTI) স্পেশাল এডিশনের সাথে বিশেষ জাম্বুরী অন দ্যা SMS (JOTS) বাস্তবায়ন করবে। ২০০৯ সালে জাম্বুরী অন দ্যা SMS (JOTS) প্রণয়ন করেন স্কাউটার অধ্যাপক ড. নিজামউদ্দিন আহমেদ, এএলটি (সিএলটি সম্পন্ন), সভাপতি, সাপ্লাই সার্ভিস ম্যানেজমেন্ট বিষয়ক জাতীয় কমিটি ও সাবেক জাতীয় কমিশনার (এক্সটেনশন স্কাউটিং ও ফাউন্ডেশন), বাংলাদেশ স্কাউটস এবং আহ্বায়ক, ৫২তম JOTA, ১৩তম JOTI ও ১ম JOTS।

**"জাম্বুরী অন দ্যা ইন্টারনেট (JOTI) স্পেশাল এডিশন"** এ অংশগ্রহণের জন্য স্কাউটদেরকে ই-মেইল এড্রেস ব্যবহার করে জোটা-জোটি ওয়েবসাইটে (www.jotajoti.info) রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

বিশেষ জাম্বুরী অন দ্যা SMS (**Special Jamboree on the SMS) – JOTS:**

১) ২০২০ সালে করোনাভাইরাস সংক্রান্ত বিশেষ JOTI-র পাশাপাশি বিশেষ জাম্বুরী অন দ্যা SMS (JOTS) অনুষ্ঠিত হচ্ছে;
২) অংশগ্রহণকারী: স্কাউট ও রোভার, এবং তাদের মাধ্যমে নন স্কাউট;
৩) বিশেষ জাম্বুরী অন দ্যা SMS (JOTS)-এ অংশগ্রহণকারী স্কাউট এবং নন স্কাউটবৃন্দ করোনাভাইরাস সম্পর্কিত নিম্নের ৫টি বার্তা SMS-এর মাধ্যমে পাঠাতে পারে (এক বা একাধিক):
    ক) সরকারী নির্দেশনা অনুযায়ী বাড়িতে থাকি;
    খ) সাবান দিয়ে হাত পরিষ্কার করি;
    গ) হাঁচি-কাশির সময় টিস্যু বা রুমাল ব্যবহার করি;
    ঘ) চোখে, নাকে ও মুখে হাত লাগাব না;
    ঙ) জনসমাগম এড়িয়ে চলি।

৪) প্রত্যেক অংশগ্রহণকারী স্কাউট ও রোভার করোনাভাইরাস সংক্রান্ত উপরোক্ত বার্তা SMS-এর মাধ্যমে তাদের ১০ (দশ) জন বন্ধুকে এবং বাংলাদেশ স্কাউটস এর JOTS বিষয়ক কেন্দ্রীয় নম্বরে (০১৫১৫-১৫১৫১৫) প্রেরণ করবে (মোট ১১টা SMS), এই অনুরোধ রেখে যে ১০ (দশ) জন প্রাপক বন্ধু যেন তাদের আরো ১০ (দশ) জন বন্ধুকে এবং একই কেন্দ্রীয় নম্বরে (০১৫১৫-১৫১৫১৫) SMS-টি প্রেরণ করে। এই ভাবে JOTS চলবে;

৫) প্রাপক বন্ধু/পরিচিতদের আবশ্যিকভাবে স্কাউট হওয়ার প্রয়োজন নাই কারণ JOTS হচ্ছে বাংলাদেশ স্কাউটস-এর সামাজিক দায়িত্ববোধের প্রসার;

৬) এইভাবে JOTS করোনাভাইরাস সংক্রান্ত বার্তা ছড়িয়ে দিবে;

৭) এইভাবে JOTS এর মাধ্যমে প্রেরক এবং প্রাপকগণের মাঝে মিলন হবে, মানে জাম্বুরী অন দ্যা SMS;

৮) কেন্দ্রীয় নম্বরে (০১৫১৫-১৫১৫১৫) প্রেরিত বার্তাসমূহ গণনা করে JOTS-এ মোট অংশগ্রহণকারীর সংখ্যা নির্ণয় করা হবে;

৯) সকল অংশগ্রহণকারীকে কোড-সংরক্ষিত (মোবাইল নম্বর) অনলাইন সনদপত্র প্রদান করা হবে।

জাম্বুরী অন দ্যা ইন্টারনেট **(JOTI)** স্পেশাল এডিশন এবং **জাম্বুরী অন দ্যা SMS (JOTS)** সংক্রান্ত যে কোন তথ্যের প্রয়োজনে বিশ্ব স্কাউট সংস্থা (WOSM) এর ওয়েবসাইট (www.scout.org), জোটা-জোটির ওয়েবসাইট (www.jotajoti.info) এবং বাংলাদেশ স্কাউটসের ওয়েবসাইট (www.scouts.gov.bd) থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে। এছাড়া বাংলাদেশ স্কাউটস এর পরিচালক (স্পেশাল ইভেন্টস ও ফাউন্ডেশন) জনাব মুহাম্মদ আবু সালেক (মোবাইল- ০১৭১২২৬৬৭৮০, ইমেইল- mdabusalek@gmail.com) ও সহকারী পরিচালক (স্পেশাল ইভেন্টস) জনাব রাসেল আহমেদ (মোবাইল- ০১৬১১৭৫৫০১৯, ইমেইল- contact@raselahmedinfo.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

জাম্বুরী অন দ্যা ইন্টারনেট **(JOTI)** স্পেশাল এডিশন এবং **জাম্বুরী অন দ্যা SMS (JOTS)** বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহায়তা একান্তভাবে কাম্য।

২৫/৩/২০

**(আরশাদুল মুকাদ্দিস)**
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

**বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

১। আঞ্চলিক উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস) (সকল অঞ্চল), বাংলাদেশ স্কাউটস;
২। আঞ্চলিক সম্পাদক (সকল অঞ্চল), বাংলাদেশ স্কাউটস;
২। কমিশনার/ সম্পাদক, (সকল জেলা ও জেলা রোভার) বাংলাদেশ স্কাউটস;
৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস।

**সদয় জ্ঞাতার্থে :**

১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
৩। অধ্যাপক ড. নিজামউদ্দিন আহমেদ, সভাপতি, সাপ্লাই সার্ভিস ম্যানেজমেন্ট বিষয়ক জাতীয় কমিটি, বাঃ স্কাঃ;
৪। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস;
৫। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
৬। জেলা প্রশাসক ও  সভাপতি (সকল জেলা), বাংলাদেশ স্কাউটস।